

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ২২/২০১৭

তারিখঃ ১৫/০৩/২০১৭খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা)/চবক এর দপ্তরাদেশ নামা নং-৮৫/২০১৭ তারিখঃ ০৭ মার্চ, ২০১৭ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ মুছা)  
সচিব

### চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (নিরাপত্তা)/চবক এর দপ্তরাদেশ নামা নং-৮৫/২০১৭

তারিখ, চট্টগ্রামঃ ০৭ মার্চ, ২০১৭ইং

বিষয়ঃ চবক কর্তৃক স্থায়ী/অস্থায়ী গেইট পাস ফি, যানবাহন প্রবেশ ফি, লাইসেন্স ফি, নবায়ন বিলম্ব ফি ইত্যাদি আদায়ের ক্ষেত্রে উৎসে কর বাবদ ১৫% ভ্যাট পরিশোধ প্রসঙ্গে।

- ক। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর প্রজ্ঞাপন-এস,আর, ও নং-২৬৭-আইন/২০০৭ এর সংশ্লিষ্ট ধারা, তারিখ-০৭/০৬/২০১২ইং।  
খ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর প্রজ্ঞাপন-এস,আর, ও নং-১৭৯-আইন/২০১২/৬৩৭-মূসক আইন, ১৯৯১(১৯৯১) (৯) বিধি-১৮৬, তারিখ-০৭/০৬/২০১২ইং।  
গ। অত্র দপ্তরের জারীকৃত পত্র নং-পরিনিদ/সাঃ/ভ্যাট/১২৫/২০১৫/১৮০ তারিখ-০২/০২/২০১৬ইং।

১। উপর্যুক্ত বিষয়ে আলোকে সংশ্লিষ্ট সকল বন্দর ব্যবহারকারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিরাপত্তা বিভাগ হতে ইস্যুকৃত বিভিন্ন গেইট পাস ফি, যানবাহন প্রবেশ ফি, লাইসেন্স ফি, নবায়ন বিলম্ব ফি ইত্যাদি বরাত 'ক' প্রজ্ঞাপন মোতাবেক ২০০৮ সাল হতে নিয়মিতভাবে আদায় হয়ে আসছে। উক্ত প্রজ্ঞাপনে উৎসে ভ্যাট আদায় করার নির্দেশনা না থাকায় আলোচ্য ক্ষেত্রসমূহে উৎসে ভ্যাট আদায় করা হয়নি। পরবর্তীতে জারীকৃত বরাত 'খ' প্রজ্ঞাপন মোতাবেক আলোচ্য ক্ষেত্রসমূহে উৎসে ভ্যাট আদায় না করায় অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। এতদ্বিষয়ে গত ২৮/০১/২০১৬ তারিখ সদস্য (অর্থ)/চবক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বিশেষ সভায় জরুরী ভিত্তিতে আলোচ্য ক্ষেত্রসমূহে উৎসে ভ্যাট আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উল্লেখ্য, গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে দৈনিক অস্থায়ী গেইট পাস ইস্যুর ডিজিটাল সিস্টেমটি হালনাগাদ করা হয়েছে।

২। উপরোক্ত বর্ণনার আলোকে আলোচ্য ফি এর উপর ১৫% হারে উৎসে মূল্য সংযোজন করা (ভ্যাট)সহ বর্তমান ফি পরিশোধের হার নিম্নে উল্লেখ করা হলো :

ক্রঃ নং	বিবরণ	পূর্ববর্তী ফি (টাকায়)	উৎসে ভ্যাট ১৫% (টাকায়)	ভ্যাটসহ বর্তমান ফি (টাকায়)
১।	দৈনিক অস্থায়ী গেইট পাস ফি (জনপ্রতি)	১০.০০ (দশ)টাকা	১.৫০ টাকা	১১.৫০/-টাকা
২।	ভারী যানবাহন প্রবেশ ফি (কভার্ড ভ্যান, ট্রাক, ট্রেইলার, কন্টেইনার মোভার, বাস এবং অন্যান্য বাণিজ্যিক যানবাহন) (প্রতিবার প্রবেশের জন্য)	৫০.০০(পঞ্চাশ)টাকা	৭.৫০ টাকা	৫৭.৫০/-টাকা
৩।	হালকা যানবাহন প্রবেশ ফি (মাইক্রোবাস, কার, জিপ ইত্যাদি এবং বেসরকারী অথবা বাণিজ্যিক যানবাহন) (প্রতিবার প্রবেশের জন্য)	৩০.০০(ত্রিশ)টাকা	৪.৫০ টাকা	৩৪.৫০/-টাকা
৪।	ছোট যানবাহন প্রবেশ ফি (অটো রিকশা, মোটর সাইকেল ইত্যাদি) (প্রতিবার প্রবেশের জন্য)	২০.০০(বিশ) টাকা	৩.০০ টাকা	২৩/- টাকা
৫।	স্থায়ী গেইট পাস ফি	৩০০.০০(তিনশত)টাকা	৪৫.০০ টাকা	৩৪৫/- টাকা
৬।	স্থায়ী গেইট পাস হারানোর ক্ষেত্রে জরিমানা ফি	৩০০.০০(তিনশত)টাকা	৪৫.০০ টাকা	৩৪৫/- টাকা
৭।	স্থায়ী গেইট পাস বিলম্ব নবায়ন ফি	৩০০.০০(তিনশত)টাকা	৪৫.০০ টাকা	৩৪৫/- টাকা
৮।	জেটি সরকার লাইসেন্স ফি (প্রতিবছর)	৪০০.০০(চারশত) টাকা	৬০.০০ টাকা	৪৬০/- টাকা
৯।	জেটি সরকার লাইসেন্স হারানোর জরিমানা ফি	৩০০.০০(তিনশত)টাকা	৪৫.০০ টাকা	৩৪৫/- টাকা
১০।	জেটি সরকার লাইসেন্স বিলম্ব নবায়নের ফি	৩০০.০০(তিনশত)টাকা	৪৫.০০ টাকা	৩৪৫/- টাকা

৩। আলোচ্য ক্ষেত্রসমূহে প্রযোজ্য ক্ষেত্রে অনাদায়কৃত ভ্যাট বকেয়া হিসেবে আদায়যোগ্য হবে। এতদ্বিষয়ে সংশ্লিষ্টগণ অত্র দপ্তরে যোগাযোগ করে প্রযোজ্য বকেয়া ভ্যাটের পরিমাণ জেনে নিয়ে তা পরিশোধ করতে পারবেন। বিষয়টি আপনার আওতাভুক্ত সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধ জানানো হলো।

৪। উপরোক্ত বক্তব্যের আলোকে এখন থেকে উৎসে ভ্যাট প্রদানসহ ফি প্রদান বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরিত হলো।

৫। বরাত 'গ' বাতিল করা হলো।

৬। এতদ্বিষয়ে সকলের সহযোগিতা কাম্য।

স্বাক্ষরিত/-  
পরিচালক (নিরাপত্তা)  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
তারিখ-০৭/০৩/২০১৭